# স্থগিত এইচএসসি পরীক্ষা শুরু ২৭ জুলাই থেকে

**নিজস্ব প্রতিবেদক, ঢাকা ও চট্টগ্রাম ব্যুরো**
২৪ জুলাই ২০২৬, ১২:০০ এএম




বন্যার কারণে কয়েকদিনের অনিশ্চয়তার পর স্বস্তির খবর পেল চট্টগ্রাম অঞ্চলের এইচএসসি ও সমমানের পরীক্ষার্থীরা। সার্বিক পরিস্থিতির উন্নতি হওয়ায় আগামী ২৭ জুলাই থেকে চট্টগ্রাম শিক্ষা বোর্ড এবং এর আওতাধীন ৫ জেলায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের স্থগিত হওয়া এইচএসসি ও সমমানের পরীক্ষার অবশিষ্ট অংশ পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। একই সঙ্গে আগে স্থগিত হওয়া পরীক্ষাগুলোর নতুন সময়সূচি পরে পৃথক বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। একই দিন আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল

হক মিলনও পরীক্ষা শুরুর বিষয়টি নিশ্চিত করেন।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি জানায়, সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার সার্বিক অবস্থা, পরীক্ষার্থীদের মানসিক ও শারীরিক পরিস্থিতি, অভিভাবক ও সংশ্লিষ্ট অংশীজনদের মতামত এবং ক্ষতিগ্রস্ত সড়কপথের কারণে পরীক্ষাকেন্দ্রে যাতায়াতের অসুবিধা বিবেচনায় চট্টগ্রাম শিক্ষা বোর্ড এবং এর আওতাধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি, আলিম, এইচএসসি (বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) এবং ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা স্থগিত করা হয়েছিল।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, বন্যা পরিস্থিতি স্বাভাবিক হওয়া, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের আওতাধীন সব জেলার জেলা প্রশাসকদের প্রতিবেদন এবং শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের আবেদনের ভিত্তিতে আগামী ২৭ জুলাই থেকে বিদ্যমান সময়সূচি অনুযায়ী অবশিষ্ট পরীক্ষাগুলো যথারীতি নেওয়ার সিদ্ধান্ত হয়েছে। তবে আগে স্থগিত হওয়া পরীক্ষাগুলোর নতুন সময়সূচি এখনও চূড়ান্ত হয়নি।

আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি জানিয়েছে, এসব পরীক্ষার সময়সূচি পৃথক বিজ্ঞপ্তির মাধ্যমে পরে প্রকাশ করা হবে। একই সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, জেলা প্রশাসন এবং সংশ্লিষ্ট সব কর্তৃপক্ষকে প্রয়োজনীয় প্রস্তুতি ও ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে।

এদিকে শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন বলেন, ২৭ জুলাই থেকে রুটিন অনুযায়ী নিয়মিত পরীক্ষাগুলো অনুষ্ঠিত হবে। এরপর বন্যার কারণে যেসব পরীক্ষা স্থগিত হয়েছে, সেগুলো নতুন সূচি অনুযায়ী নেওয়া হবে।

মন্ত্রী আরও জানান, প্রাকৃতিক দুর্যোগের কারণে বিজ্ঞান বিভাগের যেসব শিক্ষার্থী পদার্থবিজ্ঞান পরীক্ষা দিতে পারেননি, তাদেরও নতুন করে পরীক্ষায় অংশ নেওয়ার সুযোগ দেওয়া হবে। এ জন্য সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিজ নিজ শিক্ষা বোর্ডে প্রয়োজনীয় নিবন্ধন সম্পন্ন করতে হবে।

ভারী বৃষ্টিপাত ও বন্যা পরিস্থিতির কারণে গত ৮ জুলাইয়ের চট্টগ্রাম বোর্ডের অধীন ৫ জেলায় এইচএসসি ও সমমান পরীক্ষা স্থগিত করা হয়। পরিস্থিতির অবনতি হওয়ায় পরে ১৬ জুলাই পর্যন্ত সব পরীক্ষা স্থগিত করা হয়। এরপর চট্টগ্রাম বোর্ডের পাঁচ জেলায় অনির্দিষ্টকালের জন্য পরীক্ষা স্থগিত করা হয়।

অন্যদিকে গতকাল চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক ড. মো. পারভেজ সাজ্জাদ চৌধুরী এক বিজ্ঞপ্তিতে জানান, পূর্বঘোষিত রুটিন অনুযায়ী অন্যান্য শিক্ষা বোর্ডের সঙ্গে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ২৭ জুলাই পৌরনীতি ও সুশাসন (প্রথম পত্র), জীববিজ্ঞান (প্রথম পত্র), ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (প্রথম পত্র) এবং খাদ্য ও পুষ্টি (প্রথম পত্র) পরীক্ষা দিয়ে কার্যক্রম শুরু হবে।